পরীক্ষা

# এসএসসির ফল পুনর্নিরীক্ষণ চায় ঢাকা বোর্ডের ৭৩ হাজার পরীক্ষার্থী

**বিশেষ প্রতিবেদক** ঢাকা




এবারের এসএসসি পরীক্ষায় ঢাকা শিক্ষা বোর্ডের অধীন ৭৩ হাজার ৪৬ জন পরীক্ষার্থী ফল পুনর্নিরীক্ষণের জন্য আবেদন করেছে। তারা মোট ১ লাখ ৯১ হাজার ২০১টি পত্র পুনর্নিরীক্ষণ চায়। ঢাকা শিক্ষা বোর্ডের জ্যেষ্ঠ সিস্টেম অ্যানালিস্ট মঞ্জুরুল কবীর প্রথম আলোকে এই তথ্য জানিয়েছেন।

উল্লেখ, ফল পুনর্নিরীক্ষণে উত্তরপত্র নতুন করে মূল্যায়ন করা হয় না। মূলত উত্তরপত্রে দেওয়া নম্বরের যোগ-বিয়োগে কোনো ভুল আছে কি না, সেটি দেখে ঠিক করা হয়। এ ছাড়া গুরুতর কোনো ভুল বা অসংগতি থাকলে সেটি ঠিক করা হয়। প্রতিবছরই পরীক্ষার ফলাফল প্রকাশের পর এই সুযোগ দেয় শিক্ষা বোর্ডগুলো। তাতে প্রতিবছরই কিছুসংখ্যক পরীক্ষার্থীর ফলে পরিবর্তন হয়। কেউ কেউ নতুন করে জিপিএ-৫ পায়।

গত ২৮ জুলাই এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়। নয়টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে এ বছর এসএসসি পরীক্ষায় গড় পাসের হার ৮১, যা গত বছর ছিল ৮৮ শতাংশের সামান্য বেশি। এবার মোট পরীক্ষার্থী ছিল ১৬ লাখ ৩৩ হাজার ৯১৯। এর মধ্যে পাস করেছে ১৩ লাখ ২২ হাজার ৪৪৬। জিপিএ-৫ পেয়েছে ১ লাখ ৫৯ হাজার ২২০ শিক্ষার্থী। গত বছর সংখ্যাটি ছিল ২ লাখ ৩৩ হাজার ৭৬৩।

এবার গণিত বিষয়ে ঢাকা শিক্ষা বোর্ডের ফলাফল তুলনামূলক খারাপ হয়েছে। গণিতে ঢাকা শিক্ষা বোর্ডে পাসের হার ৮১-এর কিছু কম। অন্য বোর্ডগুলোতে এই হার অনেক বেশি, ৮৬ থেকে ৯৯ পর্যন্ত।

ঢাকা শিক্ষা বোর্ডে গণিতের সৃজনশীল ও এমসিকিউ (বহু নির্বাচনী প্রশ্ন)—দুই অংশের প্রশ্নপত্রই কঠিন হয়েছিল। এ জন্য এ বোর্ডে পাসের হার স্বাভাবিক সময়ের চেয়ে বেশ কমেছে বলে প্রথম আলোকে জানিয়েছিলেন ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান তপন কুমার সরকার।

prothomalo.com

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ব © ২০২৩ প্রথম আলো